



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv



প্রেস রিলিজ

স্বপ্নের পদ্মা সেতুর শুভ উদ্বোধন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আনন্দ শোভাযাত্রা

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৫ জুন ২০২২খ্রিঃ

স্বপ্নের পদ্মা সেতু এখন বাস্তবতা, আত্মমর্যাদা, সাহস ও বাংলাদেশের সক্ষমতার প্রতীক। বহু কাঙ্ক্ষিত ও কোটি মানুষের হৃদয়ে লালিত স্বপ্নের পদ্মা সেতুর শুভ উদ্বোধনের ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী হতে আজ ২৫ জুন দুপুর ১২ টায় বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের উদ্যোগে অনুষ্ঠিত হয়েছে এক বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের নেতৃত্বে অনুষ্ঠিত শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া, বিভাগীয় প্রধানগণ, প্রভোস্টগণ, প্রক্টর, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয় সংলগ্ন বরিশাল-পটুয়াখালী মহাসড়ক হয়ে পুনরায় ক্যাম্পাসে এসে সমাপ্ত হয়। শোভাযাত্রা শেষে সংক্ষিপ্ত সমাপনী সভায় বক্তব্য রাখেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এবং ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। সভাটি পরিচালনা করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ বাহাউদ্দিন গোলাপ।

উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন তাঁর বক্তৃতায় বাঙালীর স্বপ্নদ্রষ্টা স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বীর মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন যে, পদ্মা সেতু আজ আর কোন স্বপ্ন নয় বরং তা আজ কোটি বাঙালীর স্বপ্ন পূরণের হাতিয়ার। আর এটা সম্ভব হয়েছে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সৎ, সাহসী ও যোগ্য নেতৃত্বের কারণে। সকল বাধা বিপত্তি অতিক্রম করে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তিনি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। উপাচার্য মহোদয় আরও বলেন, বহু কাঙ্ক্ষিত এ সেতুর কারণে দক্ষিণাঞ্চলের কোটি মানুষ দেশের সকলপ্রান্তের সঙ্গে সরাসরি যুক্ত হবে। যার ফলে এ অঞ্চলের মানুষদের জীবনযাত্রা ও জীবনমানে ইতিবাচক প্রভাব পড়বে। পদ্মা সেতুর প্রভাবে দক্ষিণাঞ্চলের সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক এবং সামগ্রিক শিক্ষা ব্যবস্থায় অভূতপূর্ব উন্নয়ন সাধিত হবে। এ অঞ্চলের জনগণ পরিকল্পিত জনসম্পদে রূপান্তরিত হবে। কর্মসংস্থান ও সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে যুক্ত হয়ে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। যা এ অঞ্চলের মানুষের জীবনযাত্রার মানকে উন্নতির দিকে ধাবিত করবে। আগামীতে দক্ষিণাঞ্চল হবে অন্যতম বাণিজ্যিক ও শিল্পনগরী। তিনি বলেন, বঙ্গবন্ধু কন্যার হাত ধরে এ দেশটি দ্রুত এগিয়ে যাচ্ছে এবং আগামীতে এভাবেই এগিয়ে যাবে আরও বহুদূর। আমাদের মনে রাখতে হবে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাই হচ্ছেন আমাদের একমাত্র ভরসার স্থল। উন্নয়নের মহাসড়ক পেড়িয়ে তিনিই জাতিকে নিয়ে যাবেন এক অনন্য উচ্চতায়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস